কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ:

ক্র: নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
২।	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	০১টি	০১টি	-	-	০১টি	-	২০০%	-	১২.৫৩%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১টি।**

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল:**

ক্র: নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১.	**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়**	বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেচজ স্থাপন	৮৪৬৯.৪১	জুলাই, ২০১০ হতে মার্চ, ২০১৯

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:**

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১.১) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজের জন্য স্থাপিত পরীক্ষাগার অব্যবহৃত রয়েছে এবং ক্রয়কৃত আসবাবপত্রসমূহ মওজুদ করে সংরক্ষণ করা এবং জরুরী ভিত্তিতে এ বিভাগের জন্য শিক্ষক এবং সহায়ক জনবলের পদ সৃষ্টি করা ও নিয়োগ প্রদান না করা ; ১.২) নির্মিত প্রায় প্রতিটি ভবনের নীচের ফাঁকা অংশ এবং প্রিন্সিপাল কোয়ার্টারের সীমানা প্রাচীরের মধ্যে নীচু অংশ প্রয়োজনীয় বালু দ্বারা ভরাট করা হয়নি; ২.৩) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি বরিশাল সদর থেকে ১২ কি:মি: দূরে অবস্থিত। কলেজটির নিজস্ব কোন এ্যাম্বুলেন্স ও মেডিক্যাল সেন্টার না থাকায় হঠাৎ কোন আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দ অসুস্থ হলে তাদের দ্রুত হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হয় না। তাছাড়া কলেজটিতে আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের মসজিদ, অডিটোরিয়াম ও কমন ক্যান্টিনের ব্যবস্থা করা হয়নি; ৩.৪) কলেজটির নিজস্ব কোন নিরাপত্তা কর্মী নেই। আউট সোর্সিং এর মাধ্যমে আনসার সদস্য নিয়োগ করে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কলেজটির সার্বিক নিরাপত্তা এবং আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের নিরাপত্তা রক্ষার জন্য কলেজ কর্তৃপক্ষকে নিজস্ব নিরাপত্তা কর্মীর ব্যবস্থা গ্রহণ না করা; ৪.৫) প্রয়োজনীয় জনবল নিয়োগ না হওয়ায় নির্মিত ভবনসমূহের পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়। কলেজটির সার্বিক রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ না করা ; এবং ৬.৬) প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ, সংগৃহীত যন্ত্রপাতিসমূহসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য কলেজের নিজস্ব অর্থায়নের মাধ্যমে সম্পন্ন না করা।	১.১) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটিতে নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে কোন শিক্ষক এবং সহায়ক জনবলের পদ সৃষ্টি না হওয়ায় কোর্সটি চালু করা সম্ভব হচ্ছে না। এ বিভাগের জন্য স্থাপিত পরীক্ষাগার অব্যবহৃত রয়েছে এবং ক্রয়কৃত আসবাবপত্রসমূহ মওজুদ করে সংরক্ষণ করা হচ্ছে। ফলে প্রকল্পের শতভাগ আউটকাম অর্জিত হচ্ছে না। জরুরী ভিত্তিতে এ বিভাগের জন্য শিক্ষক এবং সহায়ক জনবলের পদ সৃষ্টি এবং নিয়োগ প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহণ করতে হবে ; ১.২) কলেজটিতে নির্মিত প্রায় প্রতিটি ভবনের নীচের ফাঁকা অংশ এবং প্রিন্সিপাল কোয়ার্টারের সীমানা প্রাচীরের মধ্যে নীচু অংশ প্রয়োজনীয় বালু দ্বারা ভরাট করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ১.৩) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি বরিশাল সদর থেকে ১২ কি:মি: দূরে অবস্থিত। কলেজটির নিজস্ব কোন এ্যাম্বুলেন্স ও মেডিক্যাল সেন্টার না থাকায় হঠাৎ কোন আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দ অসুস্থ হলে তাদের দ্রুত হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হয় না। তাছাড়া কলেজটিতে আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের মসজিদ, অডিটোরিয়াম ও কমন ক্যান্টিনের কোন ব্যবস্থা নেই। এ সমস্ত সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করতে হবে ; ১.৪) কলেজটির নিজস্ব কোন নিরাপত্তা কর্মী নেই। আউট সোর্সিং এর মাধ্যমে আনসার সদস্য নিয়োগ করে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কলেজটির সার্বিক নিরাপত্তা এবং আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের নিরাপত্তা রক্ষার জন্য কলেজ কর্তৃপক্ষকে নিজস্ব নিরাপত্তা কর্মীর ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ১.৫) প্রয়োজনীয় জনবল নিয়োগ না হওয়ায় নির্মিত ভবনসমূহের পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়। কলেজটির সার্বিক রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে; ১.৬) প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন মেয়াদসহ ০২ (দুই) বার সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০১ (এক) বার মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পটি বাস্তবায়নে কষ্ট ওভার রান হয়েছে ১৭৪৬.০৪ লক্ষ টাকা (১২.৫৩%) এবং টাইম ওভার রান হয়েছে ৭২ মাস বা ৬ বছর (২০০%), যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্বলতা প্রকাশ পায়। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে

ক্র: নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বাস্তব ভিত্তিক নিরূপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে; ১.৭) প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ, সংগৃহীত যন্ত্রপাতিসমূহসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য কলেজের নিজস্ব অর্থায়নের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে ; এবং ১.৮) কলেজটি সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত জরুরী ভিত্তিতে একজন পূর্ণকালীন অধ্যক্ষ নিয়োগ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: **জুন, ২০১৯**)

১.০ প্রকল্পের অবস্থান : দুর্গাপুর, বরিশাল সদর, বরিশাল।

২.০ বাস্তবায়নকারী সংস্থা : কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৩.০ প্রশাসনিক মন্ত্রণালয় : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট জিওবি প্র:সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (মোট জিওবি প্র:সা:)	সর্বশেষ সংশোধিত (মোট জিওবি প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট : ৭৪০৮.০০ জিওবি: ৭৪০৮.০০ প্র:সা: -	মোট : ৯১৫৪.০৪ জিওবি: ৯১৫৪.০৪ প্র:সা: -	মোট: ৮৪৬৯.৪১ জিওবি:৮৪৬৯.৪১ প্র:সা: -	জুলাই. ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই. ২০১০ হতে জুন, ২০১৯	জুলাই. ২০১০ হতে জুন, ২০১৯	১৭৪৬.০৪ (১২.৫৩ %)	৭২ মাস (২০০%)

৫.০ <u>অংগভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে) :</u>

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	রাজস্ব :					
১.	কর্মকতাদের বেতন	সংখ্যা	২ জন	৩৬.০০	২ জন (১০০%)	২৪.৫৮ (৬৮%)
২.	কর্মচারীদের বেতন	সংখ্যা	৩ জন	৩.০০	৩ জন (১০০%)	-
৩.	বাড়ি ভাতা	সংখ্যা	৫ জন	১৩.০০	৫ জন (১০০%)	৮.২৫ (৩৭.৫%)
৪.	উৎসব ভাতা	সংখ্যা	৫ জন	৮.০০	৫ জন (১০০%)	
৫.	চিকিৎসা ভাতা	সংখ্যা	৫ জন	০.৫০	৫ জন (১০০%)	
৬.	শিক্ষা ভাতা	সংখ্যা	৫ জন	০.৫০	৫ জন (১০০%)	
৭.	যাতায়াত ভাতা	সংখ্যা	৫ জন	-	৫ জন (১০০%)	
	উপ-মোট =	-	-	**৬১.০০**	-	**৩২.৮৩ (৫৪%)**
	সরবরাহ ও সেবা :					
৮.	ভ্রমন ব্যয়	থোক	থোক	৭.০০	থোক (১০০%)	**৫.৭৩ (৮২%)**
৯.	আউট সোর্সিং জনবলের বেতন ভাতাদি	থোক	থোক	৫৮.০০	থোক (১০০%)	**৫৭.৮৮ (৯৯.৭৯%)**
১০.	প্রকল্প কার্যালয়ের অফিস ভাড়া	থোক	থোক	**-**	থোক (১০০%)	**-**

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
১১.	টেলিফোন বিল			১.৬০	থোক (১০০%)	১.০৫ (৬৬%)
১২.	ইন্টারনেট বিল	থোক	থোক	২.২৫	থোক (১০০%)	২.১৫ (৯৯%)
১৩.	ইলেকট্রিসিটি বিল	থোক	থোক	৬.০০	থোক (১০০%)	৫.৩৩ (৯৮%)
১৪.	পেট্রোল, অয়েল ও লুব্রিক্যান্টস	থোক	থোক	১২.০০	থোক (১০০%)	১১.৯৭ (৯৯%)
১৫.	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	থোক	১২.০০	থোক (১০০%)	১১.৯৮ (১০০%)
১৬.	বইপত্র ও সাময়িকী	থোক	থোক	৭৫.০০	থোক (১০০%)	৫৯.০১ (৭৯%)
১৭.	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	৬.০০	থোক (১০০%)	৫.৮২ (৯৭%)
১৮.	ওয়ার্কশপ, সেমিনার ও কনফারেন্স	থোক	থোক	৫.০০	থোক (১০০%)	৪.৯৯ (১০০%)
১৯.	ট্রেনিং র' ম্যাটেরিয়ালস্	থোক	থোক	৫.০০	থোক (১০০%)	৪.৯৮ (৯৯%)
২০.	সম্মানী	থোক	থোক	৮.০০	থোক (১০০%)	৭.৯৫ (৯৮%)
২১.	কম্পিউটার সামগ্রী	থোক	থোক	৬.৯০	থোক (১০০%)	৬.৮৮ (৯৯%)
২২.	ইউটেনসীল	থোক	থোক			
২৩.	অন্যান্য ব্যয় (পি আই ইউ)	থোক	থোক	৭১.৮৫	থোক (১০০%)	৭১.৮৫ (১০০%)
২৪.	অন্যান্য ব্যয় (ইইডি)	থোক	থোক			
	উপ-মোট (সরবরাহ ও সেবা) =	-	-	**২৬৮.৬০**	-	**২৫৭.৫২ (৯৬%)**
	উপ-মোট (রাজস্ব) =	-	-	**৩৩৭.৬০**	-	**২৯০.৩৫ (৮৬%)**
	মুলধন :					
	সম্পদ সংগ্রহ :					
২৫.	যানবাহন	সংখ্যা	১ টি	৪২.৪১	১ টি (১০০%)	৪২.৪১ (১০০%)
২৬.	(ক) মেশিনারী এন্ড ইকুইপমেন্ট ইনক্লুডিং সিডি এন্ড ভ্যাট এবং ইনস্টলেশন	সংখ্যা	২৪৩৬১ টি	১৮৩৫.০০	২৪৩৬১ টি (১০০%)	১৮৩৪.৯৯ (৯৯.৯৯%)
২৭.	(খ) ইনস্টলেশন অব মেশিনারী, ইকুইপমেন্ট এন্ড আদার্স	থোক	-	৪৫.০০	-	৪৪.৯০ (৯৯.৭৭%)
২৮.	(গ) নেটওয়ার্কিং (ল্যান) ইনক্লুডিং একসেসরিস	থোক	-	৪০.০০	-	৩৯.৭৬ (৯৯.৪০%)
২৯.	আসবাবপত্র	সংখ্যা	৩৫৫৬ টি	৪৩২.০০	৩৫৫৬ টি (১০০%)	৩৫৯.৪৩ (৮৩.২০%)
	উপ-মোট (সম্পদ সংগ্রহ) =	-	-	**২৩৯৪.৪১**	-	**২৩২১.৪৯ (৯৭%)**

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
৩০.	ভূমি অধিগ্রহণ/ক্রয়	পরিমাণ	৮ একর	৫৯.৭৮	৮ একর (১০০%)	৫৯.৭৮ (১০০%)
৩১.	ভূমি উন্নয়ন	পরিমাণ	৮ একর	৫০.০০	৮ একর (১০০%)	১৩.৫৭ (২৭.১৪%)
	নন-রেসিডেন্সিয়াল ভবন নির্মাণ :					
৩২.	০৩ (তিন) তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন এবং গেস্ট হাউজ কাম-ক্লাব	ব:মি:	১৪০০ ব:মি:	৩৮০.০০	১৪০০ ব:মি: (১০০%)	৩৬৬.৯৪ (৯৬.৫৬%)
৩৩.	নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং ভবন	ব:মি:	৮৬০০ ব:মি:	৭৩৫.০০	৮৬০০ ব:মি: (১০০%)	৬০৬.৬৪ (৮৩%)
৩৪.	একাডেমিক ভবন নির্মাণ (সিভিল ইঞ্জিনিয়ারিং)	ব:মি:		৫৮০.০০		৫৫১.৫০ (৯৫%)
৩৫.	একাডেমিক ভবন নির্মাণ (ইলেকট্রিক এন্ড ইঞ্জি: ডিপার্টমেনন্ট)	ব:মি:		৫৮৫.০০		৫৪২.৭৪ (৯৩%)
৩৬.	মাল্টিপারপাস ভবন নির্মাণ (কম্পিউটার সেন্টার, লাইব্রেরী এন্ড করফারেন্স রুম)	ব:মি:	১৫০০ ব:মি:	৩৩১.২৫	১৫০০ ব:মি: (১০০%)	৩৩১.০৮ (৯৯.৯৫%)
	উপ-মোট (নন-রেসিডেন্সিয়াল ভবন) =	-	-	**২৬১১.২৫**	-	**২৩৯৮.৯০ (৯২%)**
	আবাসিক ভবন নির্মাণ :					
৩৭.	প্রিন্সিপাল কোয়ার্টার নির্মাণ	ব:মি:	১৮৫ব:মি:	৯০.০০	১৮৫ ব:মি: (১০০%)	৭২.০৩ (৮০%)
৩৮.	ছাত্র নিবাস (৪০০ সিট)	ব:মি:	৫৮০০ ব:মি:	১৬১০.০০	৫৮০০ ব:মি: (১০০%)	১৫৭০.০৯ (৯৭.৫২%)
৩৯.	ছাত্রী নিবাস (১০০ সিট)	ব:মি:	১৮৬৮ ব:মি:	৫০৫.০০	১৮৬৮ ব:মি: (১০০%)	৪২৪.৫৭ (৮৪%)
৪০.	সিনিয়র স্টাফ কোয়ার্টার	ব:মি:	১১০৯.৩৬ ব:মি:	২৭০.০০	১১০৯.৩৬ ব:মি: (১০০%)	২৩৯.৫৭ (৮৮.৭২%)
৪১.	জুনিয়র স্টাফ কোয়ার্টার	ব:মি:	৮০০ ব:মি:	২৬৫.০০	৮০০ ব:মি: (১০০%)	২০১.০৩ (৭৫.৮৬%)
৪২.	স্টাফ কোয়ার্টার	ব:মি:	১২৪০ ব:মি:	৪৪১.০০	১২৪০ ব:মি: (১০০%)	৪৩৯.৪১ (৯৯.৬৪%)
	উপ-মোট (আবাসিক ভবন) =	-	-	**৩১৮১.০০**	-	**২৯৪৬.৭০ (৯২.৬৩%)**
	অন্যান্য কাজ :					
৪৩.	বাউন্ডারী ওয়াল এন্ড গেইট	মি:	১৩০৫ মি:	২৩০.০০	১৩০৫ মি:(১০০%)	২১২.৫৯ (৯২.৪৩%)
৪৪.	অভ্যন্তরীন রাস্তা	মি:	১৪৮৫ মি:	৮০.০০	১৪৮৫ মি: (১০০%)	৭৭.৭৭ (৯৭.২১%)
৪৫.	অভ্যন্তরীণ সারফেস ড্রেন	ব:মি:	১৩৫০ মি:	৫০.০০	-	-
৪৬.	এক্সটারনাল ইলেকট্রিফিকেশন ওয়ার্ক এন্ড কানেকশন, সাব স্টেশন বিল্ডিং নির্মাণ, ৫০০ কেভিএ ট্রান্সফরমার এন্ড প্রটেকশন ইকুইপমেন্ট স্থাপন ও সোলার প্যানেল সিষ্টেম স্থাপন।	থোক	-	১৬০.০০	-	১৪৮.২৬ (৯২.৬৬%)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	উপ-মোট (অন্যান্য কাজ) =	-	-	**৫২০.০০**	-	**৪৩৮.৬২ (৮৪.৩৫%)**
	সর্বমোট =	-	-	**৯১৫৪.০৪**	-	**৮৪৬৯.৪১ (৯২.৫২%)**

৬.০ <u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণ</u> :

প্রকল্পের কোন অসমাপ্ত কাজ নেই মর্মে পিসিআর-এর উল্লেখ করা হয়েছে।

৭.০ <u>সাধারণ পর্যবেক্ষণ</u> :

৭.১ **<u>পটভূমি</u> :**

বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ ব:কি:মি:। জনসংখ্যা প্রায় ১৭ কোটি। বাংলাদেশকে অর্থনৈতিকভাবে এগিয়ে নিতে হলে বিজ্ঞান ও প্রযুক্তি খাতের উন্নয়ন অপরিহার্য। বিজ্ঞান ও প্রযুক্তি খাতের উন্নয়ন এবং এর প্রয়োগ ব্যতিত দেশের সার্বিক উন্নয়নও সম্ভব নয়। একাবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদেরকে বিজ্ঞান ও প্রযুক্তি খাতে দ্রুত উন্নয়ন সাধন করতে হবে। বাংলাদেশে প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়ের সংখ্যা চাহিদার তুলনায় অপ্রতুল। অন্যদিকে বিশ্ব শ্রম বাজারে কারিগরি জ্ঞান সম্পন্ন দক্ষ জনশক্তির চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষাপটে দেশের বিজ্ঞান ও প্রযুক্তি খাতের উন্নয়ন এবং বিশ্ব শ্রম বাজারে কারিগরি জ্ঞান সম্পন্ন দক্ষ জনশক্তির চাহিদা পূরণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটির মূল ডিপিপি মোট ৭৪০৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য বিগত ১৫.০৭.২০১০ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে জুন,২০১৪ পর্যন্ত প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি করা হয়।

প্রকল্পটি মোট ৮৮১১.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ১ম সংশোধন করা হয়। পুনরায় প্রকল্পের অসম্পন্ন নির্মাণ কাজ, মালামাল সংগ্রহ ও স্থাপন ইত্যাদি কারণে ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে প্রকল্প মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে মোট ৯১৫৪.০৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) জুলাই, ২০১০ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৬.০৩.২০১৭ খ্রি: তারিখে ২য় সংশোধিত আকারে অনুমোদিত হয়েছে। পুনরায় প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৭.২ **<u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>**

প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

১) ডিগ্রী পর্যায়ে প্রকৌশল শিক্ষার সম্প্রসারণ ;

২) দেশের দ্রুত উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে পেশাগত জনশক্তির মান উন্নতকরণ ;

৩) প্রকৌশল শিক্ষার ক্ষেত্রে উচ্চতর গবেষণার সুযোগ সৃষ্টি করণ ;

৪) ডিগ্রী পর্যায়ে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করণ ; এবং

৫) কারিগরি দক্ষতা সম্পন্ন জনবলের সংখ্যা বৃদ্ধি করণ।

৭.৩ **অনুমোদন পর্যায় :**

প্রকৌশল শিক্ষাকে ডিগ্রি লেভেলে সম্প্রসারণের জন্য বরিশাল জেলায় একটি ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা করার লক্ষ্যে প্রকল্পটির মূল ডিপিপি মোট ৭৪০৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য বিগত ১৫.০৭.২০১০ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে জুন,২০১৪ পর্যন্ত প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পটি মোট ৮৮১১.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ১ম সংশোধন করা হয়। পুনরায় প্রকল্পের অসম্পন্ন নির্মাণ কাজ, মালামাল সংগ্রহ ও স্থাপন ইত্যাদি কারণে ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে প্রকল্প মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে মোট ৯১৫৪.০৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) জুলাই, ২০১০ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৬.০৩.২০১৭ খ্রি: তারিখে ২য় সংশোধিত আকারে অনুমোদিত হয়েছে। পুনরায় প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৭.৪ **প্রকল্পের মূল কার্যক্রম :**

প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে যানবাহন, মেশিনারী এন্ড ইকুইপমেন্ট ইনক্লুডিং সিডি এন্ড ভ্যাট এবং ইনস্টলেশন, ইনস্টলেশন অব মেশিনারী, ইকুইপমেন্ট এন্ড আদার্স, নেটওয়ার্কিং (ল্যান) ইনক্লুডিং একসেসরিস, আসবাবপত্র, ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, প্রশাসনিক ভবন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ভবন, সিভিল ইঞ্জিনিয়ারিং ভবন, নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং ভবন, সেন্ট্রাল কম্পিউটার কাম-মাল্টিপারপাস ভবন, প্রিন্সিপাল কোয়াটার, ছাত্রাবাস (পার্ট-১, পার্ট-২), ছাত্রী নিবাস, সিনিয়র শিক্ষক/অফিসার কোয়াটার, জুনিয়র শিক্ষক/জুনিয়র অফিসার কোয়াটার, স্টাফ কোয়াটার (১ও ২), বাউন্ডারী ওয়াল এন্ড গেইট (গেইটের দরপত্র গ্রহণ করা হয়েছে), ইন্টারনাল রোড, ইন্টারনাল সারফেস ড্রেন, এক্সটারনাল ইলেকট্রিফিকেশন ওয়ার্ক এন্ড কানেকশন, সাব স্টেশন বিল্ডিং নির্মাণ, ৫০০ কেভিএ ট্রান্সফরমার এন্ড প্রটেকশন ইকুইপমেন্ট স্থাপন ও সোলার প্যানেল সিষ্টেম স্থাপন ইত্যাদি।

৭.৫ **প্রকল্প ব্যবস্থাপনা :**

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্ন-বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন :

ক্র:নং	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তারের তারিখ	মন্তব্য
০১)	জনাব মীর মো: মোশাররফ হোসেন, প্রকল্প পরিচালক	১৪.১০.২০১০	৩১.১২.২০১৪	অতিরিক্ত দায়িত্ব
০২)	জনাব মীর মো: মোশাররফ হোসেন, প্রকল্প পরিচালক	০১.০১.২০১৫	২৮.০৩.২০১৭	পূর্ণকালীন
০৩)	জনাব মো: আক্কাছ আলী শেখ, প্রকল্প পরিচালক	২৯.০৩.২০১৭	০৫.১১.২০১৮	পূর্ণকালীন
০৪)	জনাব মো: আক্কাছ আলী শেখ, প্রকল্প পরিচালক	০৬.১১.২০১৮	৩০.০৬.২০১৯	অতিরিক্ত দায়িত্ব

৭.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** :

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি ও মনিটরিং রিপোর্ট পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC) সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৮.১ আর্থিক অগ্রগতি :

প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৯১৫৪.০৪ লক্ষ টাকা। শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন,২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৮৪৬৯.৪১ লক্ষ টাকা (৮৫.৫৬%)। প্রকল্পটির অনুকূলে ২০১০-১১ থেকে ২০১৮-১৯ পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসুচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাঃ		মোট	টাকা (জিওবি)	প্রঃসাঃ	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১০-১১	৮০.০০	৮০.০০		-	৬৭.৬১	৬৭.৬১		০.৮০%
২০১১-১২	১০.০০	১০.০০	-	-	৯.৬৬	৯.৬৬	-	০.১১%
২০১২-১৩	২৫০.০০	২৫০.০০	-	-	২৪৯.৯৪	২৪৯.৯৪	-	২.৭৩%
২০১৩-১৪	৭১১.০০	৭১১.০০	-	-	৭১০.৯৬	৭১০.৯৬	-	৭.৫%
২০১৪-১৫	১২৯২.০০	১২৯২.০০	-	-	১২৯১.৮৪	১২৯১.৮৪	-	১৪%
২০১৫-১৬	৩২১৫.০০	৩২১৫.০০	-	-	৩১০৩.১৭	৩১০৩.১৭	-	৩২%
২০১৬-১৭	২০৪০.০০	২০৪০.০০	-	-	১৬১৯.০৮	১৬১৯.০৮	-	১৭.৫%
২০১৭-১৮	২১০২.০০	২১০২.০০	-	-	৮৬০.২৯	৮৬০.২৯	-	১১.৪৭%
২০১৮-১৯	১২৪১.৪৯	১২৪১.৪৯		-	৫৫৬.৮৬	৫৫৬.৮৬		১৩.৫৬%
মোট=	**৯১৫৪.০৪**	**৯১৫৪.০৪**	-	**-**	**৮৪৬৯.৪১**	**৮৪৬৯.৪১**	-	**১০০%**

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ৯১৫৪.০৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন,২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে আর্থিক অগ্রগতি ৮৪৬৯.৪১ লক্ষ টাকা (৯২.৫২%)। অব্যয়িত মোট ৬৮৪.৬৩ লক্ষ টাকার মধ্যে ৬১১.১৭ লক্ষ টাকা কারিগরী শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন" শীর্ষক প্রকল্পে পুন:উপযোজন করা হয়েছে এবং অবশিষ্ট ৭৩.৪৬ লক্ষ টাকা সমর্পণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। উল্লেখ্য, বছর ভিত্তিক অর্থ অবমুক্তির তথ্য পিসিআর-এ উল্লেখ করা হয়নি এবং প্রকল্প কার্যালয় থেকে পাওয়া যায়নি।

৮.২ অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী আর্থিক অগ্রগতি ৯২.৫২ % এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ যানবাহন ঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ০১ টি মাইক্রোবাস ক্রয়ের জন্য ৪২.৪১ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সমুদয় অর্থ ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%। পরিদর্শনের সময় যানববাহনটি সচল দেখা গেছে।

৮.২.২ মেশিনারী, ইকুইপমেন্টসহ সিডি ভ্যাট এবং ইনস্টলেশন :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ২৪,৩৬১ টি মেশিনারী ইক্যুইপমেন্ট ক্রয় এবং ইনস্টলের জন্য ১৮৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৮৩৪.৯৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৯৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৩ মেশিনারী, ইকুইপমেন্ট স্থাপনসহ বিবিধ খরচ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৪.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৭৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৪ নেটওয়ার্কিং (ল্যান) ইনক্লুডিং একসেসরিস :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৯.৭৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৪০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৫ আসবাবপত্র :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ৩৫৫৬ টি বিভিন্ন ধরনের আসবাবপত্রের জন্য ৪৩২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৫৯.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৮৩.২০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৬ ভূমি অধিগ্রহণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ৮ একর ভূমি অধিগ্রহণের জন্য ৫৯.৭৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সমুদয় অর্থ ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৭ ভূমি উন্নয়ন :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে মোট ৮ একর ভূমি উন্নয়নের জন্য ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ২৭.১৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৮ ৩ (তিন) তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন নির্মাণ এবং গেস্ট হাউজ কাম-ক্লাব নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১৪০০ ব:মি: পূর্ত কাজের জন্য ৩৮০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৬৬.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৬.৫৬% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.৯ নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং ভবন, একাডেমিক ভবন নির্মাণ (সিভিল ইঞ্জিনিয়ারিং) এবং একাডেমিক ভবন নির্মাণ (ইলেকট্রিক এন্ড ইঞ্জি: ডিপার্টমেনন্ট) **:**

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতগুলোতে মোট ৮৬০০ ব:মি: পূর্ত কাজের জন্য ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৭০০.৮৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতগুলোতে আর্থিক অগ্রগতি ৮৯.৫২% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১০ প্রিন্সিপাল কোয়ার্টার নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১৮৫ ব:মি: পূর্ত কাজের জন্য ৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭২.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৮০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১১ ছাত্র নিবাস (৪০০ সিট) নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ৫৮০০ ব:মি: পূর্ত কাজের জন্য ১৬১০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫৭০.০৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৭.৫২% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১২ ছাত্রী নিবাস (১০০ সিট) নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১৮৬৮ ব:মি: পূর্ত কাজের জন্য ৫০৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪২৪.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৮৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৩ সিনিয়র স্টাফ কোয়ার্টার নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১১০৯.৩৬ ব:মি: পূর্ত কাজের জন্য ২৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৩৯.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৮৮.৭২% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৪ জুনিয়র স্টাফ কোয়ার্টার নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ৮০০ ব:মি: পূর্ত কাজের জন্য ২৬৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০১.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৭৫.৮৬% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৫ স্টাফ কোয়ার্টার নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১২৪০ ব:মি: পূর্ত কাজের জন্য ৪৪১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৩৯.৪১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৬৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৬ বাউন্ডারী ওয়াল এন্ড গেইট নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১৩০৫ মি: পূর্ত কাজের জন্য ২৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২১২.৫৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯২.৪৩% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৭ অভ্যন্তরীন রাস্তা নির্মাণ :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে ১৪৮৫ মি: পূর্ত কাজের জন্য ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭৭.৭৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৭.২১% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.২.১৮ এক্সটারনাল ইলেকট্রিফিকেশন ওয়ার্ক এন্ড কানেকশন, সাব স্টেশন বিল্ডিং নির্মাণ, ৫০০ কেভিএ ট্রান্সফরমার এন্ড প্রটেকশন ইকুইপমেন্ট স্থাপন ও সোলার প্যানেল সিষ্টেম স্থাপন :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের এ খাতে থোক বরাদ্দ হিসেবে ১৬০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪৮.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯২.৬৬%।

৯.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
১) ডিগ্রী পর্যায়ে প্রকৌশল শিক্ষার সম্প্রসারণ ;	প্রকল্পটির OutPut পর্যায়ে নির্ধারিত অংগসমূহ নির্মাণ/ স্থাপন

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
২) দেশের দ্রুত উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে পেশাগত জনশক্তির মান উন্নতকরণ ;	করা হয়েছে। তবে Out Come পর্যায় আংশিক অর্জিত হচ্ছে। কেননা তিনটি বিষয়ে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং এর মধ্যে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং কোর্সে এ পর্যন্ত ৩ টি সেশনে ৬০ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে এবং তাদের শিক্ষা কার্যক্রম চলমান। কিন্তু বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে শিক্ষকের পদ সৃষ্টি না হওয়ায় ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়নি। তিনটি বিভাগের জন্য উন্নতমানের ল্যাব স্থাপন করা হয়েছে কিন্তু দক্ষ জনবলের অভাবে তার থেকে ছাত্র-ছাত্রীরা শতভাগ উপযোগিতা হচ্ছে না।। তবে কলেজটি পূর্ণাংগভাবে চালু হলে Out Come অর্জিত হবে।
৩) প্রকৌশল শিক্ষার ক্ষেত্রে উচ্চতর গবেষণার সুযোগ সৃষ্টি করণ।	
৪) ডিগ্রী পর্যায়ে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করণ ; এবং	
৫) কারিগরি দক্ষতা সম্পন্ন জনবলের সংখ্যা বৃদ্ধি করণ।	

১০.০ <u>প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব</u> :

১) ডিগ্রী পর্যায়ে প্রকৌশল শিক্ষাকে সম্প্রসারণে ভূমিকা পালন করছে ;

২) দেশের দ্রুত উন্নয়নের জন্য বিজ্ঞান প্রযুক্তির ক্ষেত্রে পেশাগত জনশক্তির মান উন্নয়ন সহায়ক ভূমিকা রাখছে ;

৩) প্রকৌশল শিক্ষার ক্ষেত্রে উচ্চতর গবেষণার সুযোগ সৃষ্টি হয়েছে ;

৪) ডিগ্রী পর্যায়ে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করা হয়েছে ; এবং

৫) কারিগরি দক্ষতা সম্পন্ন পেশাগত জনবলের সংখ্যা বৃদ্ধিতে কলেজটি অবদান রাখছে।

১১.০ উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণ :

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের Out Comes পুরোপুরি অর্জিত হয়নি কারণ নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স এখনও চালু হয়নি। এর ফলে এ বিভাগের জন্য স্থাপিত ল্যাব ও আসবাবপত্রসমূহ অব্যবহৃত রয়েছে।

১২.০ মনিটরিং ঃ

প্রকল্পটি আইএমইডি কর্তৃক বিগত ১১.০৪.২০১৩, ২৭.০৬.২০১৬, ২০.১২.২০১৭, ১০.০৪.২০১৮ এবং ১৯.০৪.২০১৯ খ্রি: তারিখে পরিদর্শন করা হয়। তাছাড়া, প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে।

১৩.০ অডিট সম্পর্কিত তথ্য ঃ

(ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্পটি জুন,২০১৯-এ সমাপ্ত ঘোষণা করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছর পর্যন্ত অডিট কার্যক্রম সম্পাদন হয়েছে। তবে ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদিত হয়নি। ২০১৭-১৮ অর্থ বছরের অডিটে উত্থাপিত অবজেকশনসমূহ সমাধান হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

(খ) এক্সটার্নাল অডিটঃ

প্রকল্পটির বাস্তবায়নকালে কোন ধরনের এক্সটার্নাল অডিট কার্যক্রম সম্পাদন করা হয়নি মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

১৪.০ <u>প্রকল্প পরিদর্শন</u> :

প্রকল্পটির পিসিআর মূল্যায়নের নিমিত্ত আইএমইডি কর্তৃক গত ১৩.০৩.২০২০ খ্রি: তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক, কলেজের অধ্যক্ষ, নির্বাহী প্রকৌশলী ইইডি, বরিশাল এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

<u>পরিদর্শনকালীন পর্যবেক্ষণ :</u>

১৪.১ প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একটি মাইক্রোবাস ক্রয় করা হয়। বর্তমানে মাইক্রোবাসটি সচল রয়েছে এবং কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান-মাইক্রোবাসটি কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের বিষয়ে ডিপিপি'তে উল্লেখ ছিল ;

১৪.২ কলেজটিতে ডিগ্রী পর্যায়ে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে কোর্স চালু করার লক্ষ্যমাত্রা ছিল। বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে এ পর্যন্ত ০৩ (তিন) টি সেশনে ৬০ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। তাদের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এদু'টি বিষয়ে ৯ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। কলেজটির অধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করা হয়নি। বরিশাল পলিটেকনিক ইনষ্টিটিউটের অধ্যক্ষ অতিরিক্ত দায়িত্ব হিসেবে এ কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন।

১৪.৩ নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সের জন্য শিক্ষকের পদ সৃষ্টি না হওয়ায় এ বিষয়ে শিক্ষা কার্যক্রম চালু করা সম্ভব হয়নি। এর ফলে এ বিভাগের জন্য স্থাপিত ল্যাব এবং আসবাবপত্রসমূহ অব্যবহৃত অবস্থায় রয়েছে ;

১৪.৪ কলেজটির জন্য নির্মিত ভবনসমূহের গ্রাউন্ড ফ্লোরের নীচে ২ - ২.৫ ফুট ফাঁকা রয়েছে। যেখানে পানি, ময়লা আর্বজনা জমার সম্ভাবনা রয়েছে। যার ফলে কলেজের অভ্যন্তরীণ পরিবেশ দূষিত হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ জানান অধিগ্রহণকৃত ভূমির প্রাক্কলন অনুযায়ী প্রায় ৮ ফুট বালু ভরাট করা হয়েছে। কিন্তু ভবনসমূহের গ্রেট বীম বিদ্যমান গ্রাউন্ড লেবেল থেকে কিছুটা উপরে হওয়ায় ভবনের নীচে উপরোক্ত ফাঁকা বিদ্যমান রয়েছে। এছাড়া তিনি জানান আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ভূমি উন্নয়ন খাতের ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৩.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অবশিষ্ট অর্থ অব্যয়িত রয়েছে ;

১৪.৫ বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি বরিশাল সদর থেকে ১২ কি:মি: দূরে অবস্থিত। কলেজটির নিজস্ব কোন এ্যাম্বুলেন্স ও মেডিক্যাল সেন্টার না থাকায় হঠাৎ কোন আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দ অসুস্থ হলে তাদের দ্রুত হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হয় না মর্মে অধ্যক্ষ জানান ;

১৪.৬ সদ্য নির্মিত বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটিতে মসজিদ, অডিটোরিয়াম ও কমন ক্যাফেটেরিয়া নির্মাণ করা হয়নি। শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য মসজিদ, অডিটোরিয়াম ও কমন ক্যাফেটেরিয়ার প্রয়োজন রয়েছে মর্মে অধ্যক্ষ জানান ;

১৪.৭ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব কোন নিরাপত্তা কর্মী নেই। আউট সোর্সিং এর মাধ্যমে আনসার সদস্য নিয়োগ করে নিরাপত্তার কার্যক্রম চলছে ;

১৪.৮ কলেজটির জন্য প্রকল্পের আওতায় নির্মিত পূর্তকাজ, সরবরাহকৃত বিভিন্ন ইক্যুপমেন্ট ও ল্যাব যন্ত্রপাতিসমূহ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত টেকনিক্যাল কমিটি কর্তৃক বুঝে নেয়া হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান ;

১৪.৯ অভ্যন্তরীণ রাস্তা নির্মাণের জন্য ডিপিপি'তে প্রাক্কলন ছিল আরসিসি কিন্তু বাস্তবে এইচবিবি করা হয়েছে। তার কারণ হিসেবে প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী জানান-সদ্য ফিলিং করা জায়গায় আরসিসি রাস্তা নির্মাণ করা হলে তা ভেংগে যাওয়ার সম্ভাবনা থাকে। যার ফলে আরসিসি'র পরিবর্তে এইচবিবি রাস্তা নির্মাণ করা হয়েছে ;

১৪.১০ অভ্যন্তরীণ সারফেস ড্রেন নির্মাণের জন্য ডিপিপি'তে প্রাক্কলন ছিল আরসিসি ড্রেন কিন্তু বাস্তবে পাইপ ড্রেন নির্মাণ করা হয়েছে। প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশল জানান-সদ্য ফিলিং করা জায়গায় ল্যান্ড সেটেলমেন্ট হতে সময় লাগে। ফলে আরসিসি ড্রেন নির্মাণ করা হলে তা ভেংগে যাওয়ার সম্ভাবনা ছিল। তাই পাইপ ড্রেন করা হয়েছে ;

১৪.১১ নবনির্মিত প্রিন্সিপাল কোয়ার্টারের সীমানা প্রাচীরের মধ্যে বালু দ্বারা ভরাটপূর্বক ভূমি উন্নয়ন কার্যক্রম কিছুটা অসম্পন্ন রয়েছে মর্মে দেখা যায় ;

১৪.১২ কলেজটি স্থাপনের জন্য ৮ (আট) একর জায়গা অধিগ্রহণ করা হয়েছে এবং এর তিনদিকে গ্রেড বীম এবং গ্রেড বীমের উপর সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। কলেজটির সার্ফেস লেভেল থেকে বাইরের সার্ফেস লেভেল প্রায় ৮ থকে ১০ ফুট নীচু। কিন্তু সীমানা প্রাচীরের বাহিরে কলেজের কোন নিজস্ব জায়গা না থাকায় সীমানা প্রাচীর রক্ষার জন্য্য কোন সাপোর্ট নেই। ফলে এধরনের প্রাচীর যে কোন সময় বাহিরে হেলে যেতে পারে ;

১৪.১৩ পরিদর্শনকালীন কলেজটির জন্য নির্মিত ভবনসমূহ ঘুর ঘুরে দেখা হয়। প্রশাসনিক ভবনসহ অন্যান্য ভবনে এয়ারকন্ডিশন স্থাপনের জন্য কোন ব্যবস্থা রাখা হয়নি। প্রয়োজনীয় জনবল নিয়োগ না হওয়ায় ভবনে সমূহের পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়। এছাড়া, ছাড়া বর্ষা মৌসুমে বৃষ্টির পানি সিঁড়ির কিছু কিছু জানালা দিয়ে প্রবেশ করে ভিতরে চলে আসে ;

১৪.১৪ কলেজটিতে ডিগ্রী পর্যায়ে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে কোর্স চালু না হওয়ায় এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ না হওয়ায় ক্রয়কৃত আসবাবপত্রের একটি অংশ অব্যবহৃত অবস্থায় বিভিন্ন রুমে মওজুদ বা সংরক্ষণ করে রাখা হয়েছে ;

১৪.১৫ পরিদর্শনকালীন ০৩ টি বিভাগের জন্য স্থাপিত ব্যবহারিক পরীক্ষাগার এবং কমন কম্পিউটার ল্যাবসমূহ ঘুরে দেখা হয়। ব্যবহারিক পরীক্ষাগারের ইক্যুইপমেন্টসমূহ যথাযথভাবে স্থাপন করা হয়েছে মর্মে অধ্যক্ষ জানান। তবে প্রয়োজনীয় জনবলের অভাবে এ সমস্ত ল্যাব থেকে ছাত্র-ছাত্রীরা শতভাগ উপযোগিতা পাচ্ছে না বলে প্রতীয়মান হয় ।

১৫.০ প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা :



চিত্র-০১ : প্রকল্পের আওতায় নির্মিত প্রিন্সিপালের বাসভবন



চিত্র-০২ : প্রকল্পের আওতায় স্থাপিত কম্পিউটার ল্যাব



চিত্র-০৩ : প্রকল্পের আওতায় নির্মিত মাল্টিপারপাস ভবন



চিত্র-০৪ : প্রকল্পের আওতায় স্থাপিত ল্যাবরেটরি

১৬.০ <u>সুপারিশঃ</u>

১৬.১ বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটিতে নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে কোন শিক্ষক এবং সহায়ক জনবলের পদ সৃষ্টি না হওয়ায় কোর্সটি চালু করা সম্ভব হচ্ছে না। এ বিভাগের জন্য স্থাপিত পরীক্ষাগার অব্যবহৃত রয়েছে এবং ক্রয়কৃত আসবাবপত্রসমূহ মওজুদ করে সংরক্ষণ করা হচ্ছে। ফলে প্রকল্পের শতভাগ আউটকাম অর্জিত হচ্ছে না। জরুরী ভিত্তিতে এ বিভাগের জন্য শিক্ষক এবং সহায়ক জনবলের পদ সৃষ্টি এবং নিয়োগ প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহণ করতে হবে ;

১৬.২ কলেজটিতে নির্মিত প্রায় প্রতিটি ভবনের নীচের ফাঁকা অংশ এবং প্রিন্সিপাল কোয়ার্টারের সীমানা প্রাচীরের মধ্যে নীচু অংশ প্রয়োজনীয় বালু দ্বারা ভরাট করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

১৬.৩ বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি বরিশাল সদর থেকে ১২ কি:মি: দূরে অবস্থিত। কলেজটির নিজস্ব কোন এ্যাম্বুলেন্স ও মেডিক্যাল সেন্টার না থাকায় হঠাৎ কোন আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দ অসুস্থ হলে তাদের দ্রুত হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হয় না। তাছাড়া কলেজটিতে আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের মসজিদ, অডিটোরিয়াম ও কমন ক্যান্টিনের কোন ব্যবস্থা নেই। এ সমস্ত সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করতে হবে ;

১৬.৪ কলেজটির নিজস্ব কোন নিরাপত্তা কর্মী নেই। আউট সোর্সিং এর মাধ্যমে আনসার সদস্য নিয়োগ করে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কলেজটির সার্বিক নিরাপত্তা এবং আবাসিক ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের নিরাপত্তা রক্ষার জন্য কলেজ কর্তৃপক্ষকে নিজস্ব নিরাপত্তা কর্মীর ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

১৬.৫ প্রয়োজনীয় জনবল নিয়োগ না হওয়ায় নির্মিত ভবনসমূহের পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়। কলেজটির সার্বিক রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে ;

১৬.৬ প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন মেয়াদসহ ০২ (দুই) বার সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে ০১ (এক) বার মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পটি বাস্তবায়নে কষ্ট ওভার রান হয়েছে ১৭৪৬.০৪ লক্ষ টাকা (১২.৫৩%) এবং টাইম ওভার রান হয়েছে ৭২ মাস বা ৬ বছর (২০০%), যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দুর্বলতা প্রকাশ পায়। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বাস্তব ভিত্তিক নিরূপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে ;

১৬.৭ প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ, সংগৃহীত যন্ত্রপাতিসমূহসহ বিভিন্ন অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য কলেজের নিজস্ব অর্থায়নের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে ; এবং

১৬.৮ কলেজটি সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত জরুরী ভিত্তিতে একজন পূর্ণকালীন অধ্যক্ষ নিয়োগ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।